ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৬৮৭

অমরপুর, ১১ জুলাই ২০২৫

**অমরপুরে মৎস্য চাষিদের নিয়ে কর্মশালা অনুষ্ঠিত**

অমরপুর মৎস্য তত্ত্বাবধায়কের কার্যালয়ের উদ্যোগে গতকাল অমরপুর পুরাতন টাউনহলে জাতীয় মৎস্য চাষি দিবস উপলক্ষে মহকুমার মৎস্যচাষিদের নিয়ে একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়। প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে এই কর্মশালার সূচনা করেন বিধায়ক রঞ্জিত দাস। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন বিকাশ সাহা, অমরপুর বিএসি'র চেয়ারম্যান রবিত্র জমাতিয়া প্রমুখ। উদ্বোধকের ভাষণে বিধায়ক রঞ্জিত দাস বলেন, গ্রামীণ মৎস্যজীবি মানুষের আর্থ সামাজিক মান উন্নয়নে বিজ্ঞান ভিত্তিক এই মৎস্যচাষের কর্মশালা বিশেষ ভূমিকা নেবে। এবং এর ফলে মানুষ আরও বেশি করে মাছ চাষের জন্য উৎসাহিত হবেন। মৎস্য দপ্তরের আধিকারিকদের সঙ্গে নিবিড় যোগাযোগ রাখার জন্য তিনি মৎস্যচাষিদের প্রতি আহ্বান জানান। কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন অমরপুর মহকুমার মৎস্য তত্ত্বাবধায়ক অজয় দাস। তিনি মৎস্য দপ্তরের এবং রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পগুলির সুবিধা পাওয়ার জন্য করণীয় বিষয়গুলি বিস্তারিত আলোচনা করেন। সভায় সভাপতিত্ব করেন অমরপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুচিত্রা দাস।

*******